

■■ মুখতাসারুল ফাওয়ায়েদ (ইবনুল কাইয়্যেম রহ.-এর আল-ফাওয়ায়েদ অবলম্বনে)

বিভাগ/অধ্যায়ঃ ফায়েদা: আল্লাহ ও তাঁর রাসূলের ডাকে সাড়া দেওয়া রচয়িতা/সঙ্কলকঃ ইসলামহাউজ.কম

ফায়েদা: আল্লাহ ও তাঁর রাসুলের ডাকে সাড়া দেওয়া

আল্লাহ তা'আলা বলেছেন,

﴿ يَأْيُّهَا ٱلَّذِينَ ءَامَنُواْ ٱساتَجِيبُواْ لِلَّهِ وَلِلرَّسُولِ إِذَا دَعَاكُما لِمَا يُحالِيكُما وَٱعالَمُواْ أَنَّ ٱللَّهَ يَحُولُ بَيانَ الْاَهُولِ إِذَا دَعَاكُما لِمَا يُحالِيكُما وَٱعالَمُواْ أَنَّ ٱللَّهَ يَحُولُ بَيانَ الْاَهُالِ: ٢٤] الْالْفال: ٢٤]

"হে মুমিনগণ, তোমরা আল্লাহ ও রাসূলের ডাকে সাড়া দাও; যখন সে তোমাদেরকে আহ্বান করে তার প্রতি, যা তোমাদেরকে জীবন দান করে। জেনে রেখো, নিশ্চয় আল্লাহ মানুষ ও তার হৃদয়ের মাঝে অন্তরায় হন। আর নিশ্চয় তাঁর নিকট তোমাদেরকে সমবেত করা হবে।" [সূরা আল- আনফাল, আয়াত: ২৪]

উপরোক্ত আয়াত কয়েকটি বিষয় সন্নিবেশিত করেছে। সেগুলো হলো: আল্লাহ ও তাঁর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের ডাকে সাড়া দেওয়ার মাধ্যমেই কল্যাণকর জীবন অর্জিত হয়। সুতরাং যে ব্যক্তি এ আহ্বানে সাড়া দিবে না তার জীবনই নাই; যদিও তার জীব-জানোয়ারের মতো জীবন বিদ্যমান যা তার ও নিকৃষ্ট প্রাণির মাঝে সাদৃশ্যপূর্ণ। প্রকৃতপক্ষে পবিত্র জীবন সেটি-ই যা আল্লাহ ও তাঁর রাসূলের ডাকে প্রকাশ্য ও অপ্রকাশ্য সর্বাবস্থায় সাড়া দেয়। তারাই জীবিত, যদিও তারা মারা যায়। আর অন্যরা মৃত, যদিও তারা সারা জীবন বেঁচে থাকে।

এ কারণেই জীবনের দিক দিয়ে পূর্ণ মানুষ সে ব্যক্তি যে আল্লাহ ও তাঁর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের ডাকে পরিপূর্ণভাবে সাড়াদানকারী। কেননা আল্লাহ ও তাঁর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম যেদিকে ডাকেন তা-ই হলো জীবন। সুতরাং উক্ত আহ্বানের যার কিছু অংশ ছুটে যাবে তার জীবনেরও কিছু অংশ ছুটে যাবে। রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের ডাকের সাড়া দেওয়া অনুসারে সে জীবনের অংশ লাভ করবে।

Source — https://www.hadithbd.com/books/link/?id=9733

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন